ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩১৮৩

সোনামুড়া, ১১  অক্টোবর, ২০২৫

## সিপাহীজলা জেলায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন

সারা রাজ্যের সঙ্গে যথাযোগ্য মর্যাদায় গতকাল  সিপাহীজলা জেলায়ও আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের জেলা কার্যালয়ের উদ্যোগে মূল অনুষ্ঠানটি আয়োজিত হয় বিশ্রামগঞ্জের শচীন দেব বর্মন স্মৃতি কলাক্ষেত্রের মাল্টিপারপাস হলে।অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। এছাড়া উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত জেলা শাসক উপেন্দ্র জমাতিয়া, সিপাহীজলা জিলা পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সীমা ভৌমিক, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশীষ দাস, জেলা শিক্ষা আধিকারিক কণিকা দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের জেলা কার্যালয়ের উপ-অধিকতা' পাঁঞ্চালী দেববর্মা, বিশিষ্ট প্রবীণ নাগরিক তাপস দেব রায় প্রমুখ। সমগ্র অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি রুখিয়া বেগম। উদ্বোধকের ভাষণে জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন - সমাজের মূল শক্তি আমাদের প্রবীণ নাগরিকরাই।তারাই আমাদের ধারক, জ্ঞানের উৎস এবং অভিজ্ঞতার পথপ্রদর্শক। সরকার প্রবীণদের কল্যাণে নানা পদক্ষেপ নিচ্ছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রবীণদের সহায়তা করার জন্য উদ্যোগ নেয়া হচ্ছে। কিন্তু কেবল সরকারি প্রকল্পই যথেষ্ট নয় প্রয়োজন আমাদের মানবিক দায়িত্ববোধ ও মনের সহানুভূতি। মনের সহানুভূতির সঙ্গে প্রবীণরা যথাযোগ্য মর্যাদার ও দাবিদার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা কার্যালয়ের আধিকারিক উত্তম কুমার দাস। অনুষ্ঠানে জেলার প্রবীণ নাগরিকদের সংবর্ধিত করা হয়। বিশালগড়ের চাম্পামুড়ার আশিস চক্রবর্তীকে ৬০ বছর ঊদ্ধ' জেলা শ্রেষ্ঠ প্রবীণ সম্মানে ভূষিত করা হয়। পূর্ব লক্ষ্মী বিলের প্রফুল্ল কুমার চৌধুরীকে ৭০ বছর উর্ধ্ব জেলা শ্রেষ্ঠ প্রবীণ কর্মজীবন সম্মানে ভূষিত করা হয়।তাদের আর্থিক পুরস্কার সহ স্মারক উপহার দিয়ে সংবধি'ত করেন উপস্থিত অতিথিরা। এছাড়াও দুর্গা পূজার দিনগুলিতে জেলার অন্তর্গত প্রবীণ নাগরিকদের মর্যাদা ও অধিকার সুরক্ষায় সরকারি গাইডলাইন অনুযায়ী সিনিয়র সিটিজেনদের সম্পর্কিত সচেতনতামূলক প্রচারের জন্য বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থাকে পুরস্কৃত করা হয়।এই বিষয়ে প্রথম পুরস্কার পান চড়িলামের মধ্যপাড়া জনসমাজ পূজা উদ্যোক্তারা। দ্বিতীয় পুরস্কার পান বিশালগড়ের প্রগতিসংঘ এবং তৃতীয় পুরস্কার পান বক্সনগর এর নেতাজি সংঘ। পূজা উদ্যোক্তাদের আর্থিক পুরস্কার সহ শংসাপত্র দেওয়া হয়।অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং অভয় মিশনের শিল্পীদের দ্বারা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

******